রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, সেপ্টেম্বর ১, ২০২৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**বাণিজ্য মন্ত্রণালয়**

**রপ্তানি-৪ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ০৬ ভাদ্র ১৪৩২/ ২১ আগস্ট ২০২৫

**নং ২৬.০০.০০০০.১০৩.২২.০০২.২২.১৮**—জাতীয় চা পুরস্কার নীতিমালা, ২০২২ এর অনুচ্ছেদ ১২.০ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার "জাতীয় চা পুরস্কার নীতিমালা, ২০২২" এর নিম্নরূপ সংশোধন করল, যথা:—

উপরোক্ত নীতিমালার অনুচ্ছেদ ২.০ এর অংশবিশেষ, যথা:—

"জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ৪ জুন, ১৯৫৭ হতে ২৩ অক্টোবর, ১৯৫৮ খ্রিষ্টাব্দ পর্যন্ত বাংলাদেশ চা বোর্ডের প্রথম বাঙ্গালি চেয়ারম্যান হিসেবে অধিষ্টিত ছিলেন। চা শিল্পে জাতির পিতার অবদানকে অবিস্মরণীয় করে রাখার অভিপ্রায়ে সরকার ৪ জুনকে 'জাতীয় চা দিবস' হিসেবে ঘোষণা করেছে" নিম্নরূপভাবে প্রতিস্থাপিত হবে:

"চা উৎপাদনকারী ও রপ্তানিকারক বিভিন্ন দেশ ও সংগঠনের আহ্বানে জাতিসংঘের খাদ্য ও কৃষি সংস্থা (FAO) ২০২০ সাল থেকে প্রতিবছর ২১ মে 'আন্তর্জাতিক চা দিবস' (International Tea Day) হিসেবে পালন করে আসছে। চা উৎপাদনকারী দেশসমূহ ২১ মে 'আন্তর্জাতিক চা দিবস' পালন করে থাকে। বিশ্বের অন্যান্য চা উৎপাদনকারী দেশের সাথে মিল রেখে সরকার ২১ মে জাতীয় চা দিবস ঘোষণা করেছে"

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. মোঃ রাজ্জাকুল ইসলাম**

উপসচিব।

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd



মূল্য : টাকা ৪.০০